সমকাল

তারিখ ... 12 JAN 2017 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৮ ...

# শিশুর বিকাশে শিক্ষকেরও প্রশিক্ষণ জরুরি

**—স্পিকার**

■ সমকাল প্রতিবেদক

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, শিশুরা খেলতে খেলতে শিক্ষালাভ করতে পছন্দ করে। খেলার মাধ্যমে তাদের উন্নয়ন বিশেষত মনো-সামাজিক বিকাশ ত্বরান্বিত হয়। তাই প্রাথমিক শিক্ষকদের এ বিষয়ে প্রশিক্ষণ দিলে দ্রুত সুফল মিলবে। তা ছাড়া সরকারি ডে কেয়ার সেন্টারগুলোতেও 'লার্নিং থ্রু প্লে ইন আর্লি চাইল্ডহুড কর্মসূচি' চালু করা যায়।

গতকাল বুধবার সংসদ ভবনে স্পিকারের সঙ্গে ব্র্যাক ও লেগো ফাউন্ডেশনের একটি প্রতিনিধি দলের সঙ্গে সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন। প্রতিনিধিদের মধ্যে ছিলেন ব্র্যাকের নির্বাহী পরিচালক ড়া. মুহাম্মাদ মুসা; ডেনমার্কভিত্তিক গবেষণাকেন্দ্র লেগো ফাউন্ডেশনের মিরিয়াম স্কনিং, কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের 'সেন্টার ফর রিসার্চ অন প্লে ইন এডুকেশন, ডেভেলপমেন্ট অ্যান্ড লার্নিং'-এর ভারপ্রাপ্ত পরিচালক ডেভিড হোয়াইটব্রেড প্রমুখ।

ব্র্যাক ইন্টারন্যাশনাল প্লে ল্যাব প্রজেক্টের আওতায় তানজানিয়া ও উগান্ডায় এ কর্মসূচি বাস্তবায়ন করে। এ ছাড়া বাংলাদেশে 'সেন্টার ফর প্লে' নামে এটি বাস্তবায়িত হচ্ছে। পরীক্ষিত ও বাস্তবায়নযোগ্য ধারণার ওপর ভিত্তি করে এর পাইলট প্রকল্প নেওয়া হয়েছে। পরবর্তীকালে কীভাবে কম খরচে এ মডেলকে শিশুদের মাঝে ছড়িয়ে দেওয়া যায়, তা প্রতিষ্ঠিত করা এ প্রকল্পের উদ্দেশ্য।